

বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও মূল্যায়ন কমিটির এর দ্বি-মাসিক সভার কার্যবিবরণীঃ


সভাপতিঃ জনাব ফারজানা ইয়াসমিন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর,  
জামালপুর।  
সভার স্থানঃ সভাপতির কার্যালয়, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।  
সভার তারিখ ও সময়ঃ ২৭/০১/২০২২ খ্রিঃ বেলা-১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পর্বেশিত "ক" দ্রষ্টব্য।

অদ্য ২৭/০১/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও মূল্যায়ন কমিটির দ্বি-মাসিক সভা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব ফারজানা ইয়াসমিন এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়। পরে কমিটির সদস্য সচিব ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করার আহ্বান জানান। কমিটির সদস্য সচিব আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করেন এবং আলোচনার বিষয় ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

ক্রঃনং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনা করা হয়।	কার্যবিবরণী কোন সংশোধনী না থাকায় সভায় তা দৃঢ়করণ করা হয়।
০২	কৃত্রিম সংকট দেখিয়ে দ্রব্যের মূল্য বৃদ্ধি :	কমিটির সম্মানিত সদস্য জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম খান, চেয়ারম্যান, ০১ নং কেন্দ্রিয়া ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর, জামালপুর সভাকে জানান যে, কেন্দ্রিয়া বাজারে অধিকাংশ দোকানদার দ্রব্য বিক্রয় সময় ক্রেতাদের নিকট থেকে দ্রব্যের কৃত্রিম সংকট দেখিয়ে চড়া মূল্যে দ্রব্য বিক্রয় করেন। তাই এ বিষয়ে সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন এবং বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করার জন্য সভাকে অবহিত করেন।	উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, সভার সভাপতিত্বে উক্ত বিষয়টি উপজেলা পরিষদের মাসিক সভায় উত্থাপনের বিষয়ে একমত পোষণের সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ফারজানা ইয়াসমিন)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও মূল্যায়ন  
কমিটি

জামালপুর সদর, জামালপুর।

তারিখঃ ২৭/০১/২০২২ খ্রিঃ

স্মারক নং-


সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

০২। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।

০৩। জনাব-----সদস্য, বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও মূল্যায়ন কমিটি, জামালপুর সদর, জামালপুর।

০৪। অফিস নথি।



(ইলিয়াস আহমেদ)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

ও

সদস্য সচিব

বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও মূল্যায়ন  
কমিটি

জামালপুর সদর, জামালপুর।

পরিশিষ্ট “ক”

২৭/০১/২০২২ খ্রিঃ তারিখের সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবী

ক্রঃ নং	সদস্যদের নাম	পদবী
০১	ফারজানা ইয়াছমিন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর	সভাপতি
০২	মোহাম্মদ সাইফুল ইসলাম খান, চেয়ারম্যান, ০১ নং কেন্দ্রীয়া ইউনিয়ন পরিষদ	সদস্য
০৩	মোঃ আঃ জলিল, চেয়ারম্যান, ০৮ নং বাশচড়া ইউনিয়ন পরিষদ	সদস্য
০৪	মোঃ হাফিজুর রহমান, চেয়ারম্যান, ০৫ নং ইটাইল ইউনিয়ন পরিষদ	সদস্য
০৫	জিন্নাত শামসুন্নাহার সুলতানা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জামালপুর সদর	সদস্য সচিব